অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

সংকটের সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য মনোরোগ সংক্রান্ত সহায়তা উন্নত করতে গভর্নর হোকলের বৃহৎ বিনিয়োগের ঘোষণা

এর মধ্যে রয়েছে মনোরোগ সংক্রান্ত হাসপাতালে রোগীদের বেডের ব্যবস্থা করার জন্য তহবিল বৃদ্ধি করার জন্য 27.5 মিলিয়ন ডলারের বিনিয়োগ

মনোরোগ বিশেষজ্ঞ এবং মনোরোগ সংক্রান্ত নার্স প্র্যাক্টিশনার নিয়োগের জন্য 9 মিলিয়ন ডলার

গৃহহীনতার সম্মুখীন হওয়া লোকজনের আবাসনের ব্যবস্থা করতে বাড়তি 500টি সহায়তামূলক হাউজিং বেডের জন্য বছরে 12.5 মিলিয়ন ডলার

এসব বিনিয়োগ স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে উন্নত করার জন্য গভর্নর হোকলের 10 বিলিয়ন ডলারের পরিকল্পনার সঙ্গে যোগ হচ্ছে, যার মধ্যে কমিউনিটি মানসিক স্বাস্থ্য কর্মসূচি ও পরিষেবাগুলোর জন্য 577 মিলিয়ন ডলার বৃদ্ধি করাও অন্তর্ভুক্ত রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস এর সঙ্গে একটি অনুষ্ঠানে নিউ ইয়র্ক স্টেট ব্যাপী জটিল মানসিক স্বাস্থ্যসেবার অ্যাক্সেস এবং হাসপাতালগুলোতে মনোরোগ সংক্রান্ত চিকিৎসার জন্য বেডের অ্যাক্সেস উন্নত করতে সাহায্য করার জন্য বৃহৎ বিনিয়োগের ঘোষণা দিয়েছেন। এসব উদ্যোগ গৃহহীনতা সহ অন্যান্য সংকটের সম্মুখীন হওয়া গুরুতর মানসিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য অপরিহার্য সহায়তা ও পরিষেবাগুলো প্রদানের জন্য করা একটি পরিকল্পনার অংশ। এসব বিনিয়োগের মধ্যে মনোরোগ সংক্রান্ত চিকিৎসার জন্য হাসপাতালের বেড বৃদ্ধির জন্য বছরে 27.5 মিলিয়ন ডলার; মনোরোগ বিশেষজ্ঞ এবং মনোরোগ সংক্রান্ত নার্স প্র্যাক্টিশনার নিয়োগের জন্য বছরে 9 মিলিয়ন ডলার; এবং নিজেদের কমিউনিটিতে গৃহহীনতার সম্মুখীন হওয়া লোকজনের জন্য আবাসনের ব্যবস্থা করতে বাড়তি 500টি সহায়তামূলক হাউজিং বেডের জন্য বছরে 12.5 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে।

"অনেক দীর্ঘ সময় ধরে আমাদের মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থা বিনিয়োগ ফেরত নেওয়ার সমস্যার ভুক্তভোগী হয়ে আছে, এবং এই মহামারী গুরুতর মানসিক অসুস্থতায় আক্রান্ত গৃহহীনতার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীদের জন্য পরিস্থিতি আরো কঠিন করে তুলেছে," **বলেছেন গভর্নর হোকল।** "মেয়র অ্যাডামস-এর পাশে দাঁড়াতে পেরে এবং স্থিতিশীল আবাসনের অভাবে ভুগতে থাকা ব্যক্তিদের জন্য মানসিক স্বাস্থ্য চিকিৎসা জোরদার করা, এবং আরো বেশি সংখ্যক

মনোরোগ সংক্রান্ত চিকিৎসার বেড চালু করার জন্য আমাদের প্রচেষ্টা শেয়ার করতে পেরে আমি গর্বিত। নিউ ইয়র্ক সিটির প্রাণশক্তি -- আমাদের সাবওয়েগুলোকে -- সকল ভ্রমণকারীদের জন্য নিরাপদ রাখার জন্য, এবং প্রয়োজন রয়েছে এমন লোকজনের কাছে সাহায্য ও পরিষেবা পৌঁছে দেওয়ার জন্য আমাদেরকে অবশ্যই একসঙ্গে কাজ করতে হবে।"

অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health)-এর কমিশনার ড. অ্যান সালিভান বলেন, "গভর্নর হোকলের প্রস্তাবিত বাজেট এবং তার বাস্তবায়ন করা উদ্যোগগুলো সত্যিকার অর্থেই ইতিহাস সৃষ্টি করার মতো এবং নিউ ইয়র্কে মানসিক স্বাস্থ্যসেবার নিরাপত্তা জালকে ব্যাপকভাবে শক্তিশালী করবে। আজ তিনি যেসব পদক্ষেপের কথা ঘোষণা করছেন এবং মেয়র অ্যাডামস-এর সঙ্গে তিনি যে সহযোগিতার পথ বেছে নিয়েছেন, সেটি মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সংকটের সম্মুখীন হওয়া লোকজনের কাছে দ্রুত ও কার্যকরভাবে পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক সিটি ও স্টেটব্যাপী মনোরোগ সংক্রান্ত চিকিৎসার রোগী ভর্তির বেডের স্বল্পতা থাকার একটি কারণ হলো মেডিকেল/সার্জিক্যাল বেডগুলোর তুলনায় হাসপাতালে ভর্তি রোগীর মনোরোগ সংক্রান্ত সেবার জন্য মেডিকেল ভর্তুকির পরিমাণ অপেক্ষাকৃত কম। 27.5 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ
মনোরোগ সংক্রান্ত চিকিৎসার বেডগুলোর জন্য বর্তমান মেডিকেইড (Medicaid) ভর্তুকির পরিমাণ 20% বৃদ্ধি করবে এবং নিউ ইয়র্ক সিটিতে 600-এরও বেশি বেডকে মনোরোগ সংক্রান্ত চিকিৎসার কাজে ব্যবহারের জন্য পুনরায় ফিরিয়ে আনবে।

মনোরোগ সংক্রান্ত চিকিৎসার বেড পুনরায় প্রতিষ্ঠার ক্ষেত্রে দ্বিতীয় একটি চ্যালেঞ্জ হলো দেশব্যাপী মনোরোগ বিশেষজ্ঞ ও মনোরোগ সংক্রান্ত নার্স প্র্যাক্টিশনারদের স্বল্পতা। কমিউনিটি-ভিত্তিক মানসিক স্বাস্থ্যসেবা কর্মীদলের মধ্যে এসব মানসিক স্বাস্থ্যসেবা প্র্যাক্টিশনারদের নিয়োগ প্রদানের জন্য একটি ঋণ মওকুফ কর্মসূচি প্রতিষ্ঠার জন্য গভর্নর হোকল বছরে 9 মিলিয়ন ডলার বরাদ্দের অঙ্গীকার করেছেন।

বাড়তি 500টি সহায়তামূলক আবাসনের জন্য বছরে 12.5 মিলিয়ন ডলারের বিনিয়োগ সড়কপথে, সাবওয়েতে ও আশ্রয়কেন্দ্রগুলোতে থাকা লোকজনের আরো দ্রুত স্থিতিশীল আবাসনে স্থানান্তর করতে সাহায্য করবে। এসব ইউনিট এই বসন্তে গভর্নরের নিরাপদ বিকল্প সহায়তা (Safe Options Support) টিম চালু হওয়ার সময়ে স্টেটকে এর প্রয়োজনীয় বাড়তি সংস্থানগুলো প্রদান করবে। এসব বাড়তি ইউনিট গভর্নরের 25 বিলিয়ন ডলারের আবাসন পরিকল্পনায় ঘোষণা করা 10,000 ইউনিট সহায়তামূলক আবাসনের পরিপূরক হিসেবে কাজ করবে।

এসব বিনিয়োগ স্বাস্থ্যসেবা ব্যবস্থা উন্নত করার জন্য গভর্নরের 10 বিলিয়ন ডলারের পরিকল্পনা ও প্রস্তাবিত বাজেটের সঙ্গে যোগ হচ্ছে, যার মধ্যে অতি গুরুত্বপূর্ণ কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্য কর্মসূচি ও পরিষেবাগুলোর জন্য 577 মিলিয়ন ডলারের (17.2%) ঐতিহাসিক বৃদ্ধি অন্তর্ভুক্ত রয়েছে। বাজেটের অন্তর্ভুক্ত এসব উদ্যোগের মধ্যে রয়েছে:

- গৃহহীনতার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীদের কাছে সরাসরি ব্যক্তিগত পর্যায়ে প্রচারকার্য পরিচালনার জন্য মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞদের নিয়ে 20টি নতুন SOS টিম গঠনের জন্য 21 মিলিয়ন ডলার বিনিয়োগ
- গৃহহীনতা প্রতিরোধের জন্য পরবর্তী পাঁচ বছরের মধ্যে 10,000 ইউনিট সহায়তামূলক আবাসন তৈরি ও সংরক্ষণের অঙ্গীকার নিয়ে 25 বিলিয়ন ডলারের আবাসন পরিকল্পনা
- কমিউনিটি ভিত্তিক মানসিক স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য ঐতিহাসিক 5.4% জীবনযাত্রার ব্যয় সমন্বয় (COLA) এবং 3,000 ডলার পর্যন্ত রিটেনশন বোনাসের মাধ্যমে কর্মীদলের উপর বিনিয়োগ
- 2023 অর্থবছরের জন্য 35 মিলিয়ন ডলারের বিনিয়োগ যা কল সেন্টারের ধারণক্ষমতা সম্প্রসারণের জন্য অর্থ প্রদানের মাধ্যমে নিউ ইয়র্ককে দেশব্যাপী আত্মহত্যা প্রতিরোধ ও আচরণগত স্বাস্থ্য সংকট বিষয়ক হটলাইন ব্যবস্থা, 9-8-8 চালুর জন্য প্রস্তুত করতে 2024 অর্থবছরে বৃদ্ধি পেয়ে 60 মিলিয়ন ডলারে গিয়ে দাঁড়াবে।

সিনেটর সামরা ব্রুক বলেন, "মানসিক স্বাস্থ্যের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট একটি সংকটের সম্মুখীন হয়েছে, যেখানে বহু জীবন হারিয়ে গেছে এবং আরো বহু জীবন অল্পের জন্য টিকে রয়েছে। আমাদের জন্য আর এই সংকটকে উপেক্ষা করা অথবা দমিয়ে রাখা সম্ভব নয়, আর সেকারণেই আমি সিনেটে সহায়তামূলক আবাসনের মতো প্রমাণিত, চিকিৎসা-ভিত্তিক সমাধানের পক্ষে কথা বলেছি, যা আমাদের গৃহহীন পরিবারগুলোর চিকিৎসার প্রয়োজনীয়তা পূরণ হওয়া এবং চিকিৎসা অ্যাক্সেসযোগ্য হওয়ার বিষয়টি নিশ্চিত করবে। রোগীদের জন্য বেডের প্রয়োজন বৃদ্ধি পেতে থাকার পরেও কয়েক দশক ধরে সেগুলো বন্ধ করে দেয়ার পর, গভর্নর হোকলের নেতৃত্ব পরিস্থিতি পরিবর্তনের স্বাগত বার্তা নিয়ে এসেছে, এবং সংকটে থাকা লোকজনের জন্য মনোরোগ সংক্রান্ত সহায়তা উন্নত করতে আজকের এসব উল্লেখযোগ্য বিনিয়োগ দেখে আমি উৎসাহিত বোধ করছি। আমাদের পরিবারগুলোর প্রয়োজনকে ব্যাপকভাবে মোকাবেলা করবে এমন একটি স্টেট বাজেট নিয়ে কাজ করা অব্যাহত রাখার এই সময়ে, আমি নিউ ইয়র্কবাসীদের পূরণ না হওয়া মানসিক স্বাস্থ্যসেবার চাহিদাগুলো মোকাবেলায় কাজ করার জন্য একসঙ্গে এসব বিনিয়োগের সঙ্গে সংযোজন অব্যাহত রাখার প্রত্যাশা রাখি।"

অ্যাসেম্বলি সদস্য আইলিন গুন্থার বলেন, "মানসিক স্বাস্থ্য খাতে তার অসাধারণ বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। আগের যেকোনো সময়ের চেয়ে এখন এই সহায়তা আমাদের বেশি প্রয়োজন। এই স্টেটে মানসিক স্বাস্থ্যসেবার স্বল্পতার ফলে একটি সংকটজনক অবস্থা তৈরি হয়েছে। আমরা বেশ কয়েক বছর ধরে এটি নিয়ে কথা বলে এসেছি এবং আমি আনন্দিত যে স্টেট অবশেষে সহায়তা ও পরিষেবা লভ্য থাকার বিষয়টি নিশ্চিত করতে এগিয়ে আসছে।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "আমরা আমাদের সঙ্গী নিউ ইয়র্কবাসীদের সংকটজনক অবস্থাকে উপেক্ষা করতে পারি না। আমরা এমন একটি ব্যবস্থাকে মেনে নেওয়া অব্যাহত রাখতে পারি না যা আমাদের অধিবাসীদেরকে অন্য কোথাও যাওয়ার যায়গা না পেয়ে সাবওয়েতে গিয়ে আশ্রয় নিতে বাধ্য করে। নিউ ইয়র্ক সিটিতে এটি অব্যাহত থাকতে পারে না। সহানুভূতি, সহমর্মীতা, ও সহায়তা নিয়ে একসঙ্গে নেতৃত্ব দেওয়ার এই সময়ে

গভর্নর হোকলের অংশীদারিত্বের জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ। মানসিক স্বাস্থ্যসেবার জন্য করা এসব বিনিয়োগ যাদের এটির সবচেয়ে বেশি প্রয়োজন তাদের কাছে যাবে এবং আমাদের গৃহহীন নিউ ইয়র্কবাসীদের বাড়িতে নিয়ে আসতে সাহায্য করবে।"

কাউন্সিল সদস্য লিন্ডা লি বলেন, "নিউ ইয়র্ক সিটির মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থা উন্নত করার কাজ অবশ্যই আমাদের মধ্যে সবচেয়ে ঝুঁকিপূর্ণদের চিকিৎসা পাওয়ার জন্য সাহায্য করার মধ্য দিয়ে শুরু হতে হবে। মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সহায়তার নিদারুণ প্রয়োজন থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য সহায়তামূলক ও স্থিতিশীল আবাসনের পাশাপাশি চিকিৎসার ব্যবস্থা করার জন্য তহবিল বৃদ্ধির জন্য গভর্নর হোকল ও মেয়র অ্যাডামসের ঘোষণা করা উদ্যোগগুলোকে আমি সাধুবাদ জানাই। এসব বিনিয়োগ নিউ ইয়র্কবাসীদেরকে সড়ক থেকে সরে এসে আবাসন ও চিকিৎসা পেতে সাহায্য করবে, এবং সিটির সড়কগুলোতে যাদের নিদারুণ প্রয়োজন সেসব প্র্যাক্টিশনারদের পাইপলাইন উন্নত করতে সাহায্য করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন